রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, জানুয়ারি ২, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিল্প মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ/২৯ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ৩৮৩-আইন/২০২২।**—বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৭ নং আইন) এর ধারা ২১ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশনের সহিত পরামর্শক্রমে, নিম্নবর্ণিত টেবিলের—

(ক) কলাম (১) এ উল্লিখিত পণ্যের মান কলাম (২) এ উল্লিখিত বাংলাদেশ স্ট্যান্ডার্ড এর সমমানের হইলে সংশ্লিষ্ট পণ্যের গায়ে বা, প্রযোজ্য ক্ষেত্রে, আবরণ বা লেভেলে উক্ত স্ট্যান্ডার্ড মার্ক যুক্ত করিবার জন্য নির্দেশ প্রদান করিল; এবং

(খ) কলাম (১) এ উল্লিখিত পণ্যের মান কলাম (২) এ উল্লিখিত বাংলাদেশ স্ট্যান্ডার্ড এর সমমানের না হইলে সংশ্লিষ্ট পণ্যের বিক্রয়, বিতরণ এবং বাণিজ্যিক বিজ্ঞাপন প্রচার নিষিদ্ধ করিল।

**টেবিল**

| পণ্যের নাম | বাংলাদেশ স্ট্যান্ডার্ড |
|---|---|
| (১) | (২) |
| Processed Cereals-Based Foods for Infants and Young Children | BDS CXS 74:2022 |



**মূল্য :** টাকা ৪.০০

২। উপরি-উক্ত অনুচ্ছেদ ১(খ) এর নিষেধাজ্ঞা এই প্রজ্ঞাপন সরকারি গেজেটে প্রকাশের তারিখ হইতে পরবর্তী ২ (দুই) মাস অতিবাহিত হইবার পরের দিন হইতে কার্যকর হইবে।

৩। এই প্রজ্ঞাপন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে ২৬ শ্রাবণ ১৪১৫ বঙ্গাব্দ মোতাবেক ১০ আগস্ট ২০০৮ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও নং ২৪১-আইন/২০০৮ রহিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আহসান মাহমুদ**
সহকারী সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd